

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

...

সভাপতি	ড. নাসরিন সুলতানা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	১৭/১১/২০১৯ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান	বিএলআরআই প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

গত ১৭/১১/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ১৭ নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	নাজমুল হুদা, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	মোঃ আহসানুল কবির, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৭।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন অফিসার ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর আলোকে ইনোভেশন কর্মকর্তাদের অগ্রগতি সম্পর্কে সভাপতি সভাকে অবহিত করেন। সভায় ০২ (দুই) টি ইনোভেশন আইডিয়া (খামার গুরু ও বিএলআরআই ব্রিডিং ম্যানেজার) আর্থিক ব্যয় সংক্রান্ত বিষয়ে আলোচনা হয় এবং আইডিয়া দুটির অ্যাপস এর ডেমো উপস্থাপন করা হয়; 'গবাদি পশুর রোগ নির্ণয় ও প্রতিরোধের জন্য মোবাইল অ্যাপ তৈরী' আইডিয়াটির উদ্ভাবক অনুপস্থিত থাকায় আইডিয়াটির আর্থিক ব্যয় নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। 'বিএলআরআই ফিড মাস্টার মোবাইল অ্যাপ' এর উদ্ভাবক অ্যাপটির একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করেন। উপস্থাপিত ডেমো ও ডকুমেন্টারির বিভিন্ন দিক নিয়ে ইনোভেশন সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহ

- ১। দুত 'খামার গুরু' ও 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' অ্যাপস দুটির পাইলটিং কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। 'খামার গুরু' ও 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' অ্যাপস দুটি পাইলটিং করার একটি কর্মপরিকল্পনা ইনোভেশন অফিসারের নিকট জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। 'খামার গুরু' ও 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' অ্যাপস দুটি গুগল প্লে-স্টোরে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। অ্যাপস তৈরীর পূর্বে এর আধুনিকীকরণের শর্তাবলী উল্লেখ করে অ্যাপস নির্মাতার সাথে চুক্তি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অ্যাপস আধুনিকীকরণের শর্তাবলীর খসড়া তৈরী করার জন্য ইনোভেশন টিমের সদস্য ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহকে দায়িত্ব প্রদান করা হয়।
- ৫। 'Green Apps' শিরোনামের নতুন আইডিয়াটি পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। ইনোভেশন পরিকল্পনার আলোকে ডিসেম্বরের প্রথম সপ্তাহে ০২ দিনের ভিডিও এডিটিং কর্মশালাটি কর্মপরিধি বিবেচনা করে ০৩ (তিন) দিনে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। ইনোভেশন টিমের সদস্যদের প্রদত্ত পরামর্শ ও পাইলটিং এর ফিডব্যাক এর ভিত্তিতে অ্যাপস এর ফিচারসমূহ আধুনিকীকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন
অফিসার

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.৫৩

তারিখ: ১৭ অগ্রহাষণ ১৪২৬
০২ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান